গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
প্রশাসন শাখা

আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ " শেখ রাসেল দিবস" উদযাপন উপলক্ষ্যে সভার কাযবিবরনী

---

| | |
|---|---|
| সভাপতি | আহমেদ আখতারুজ্জামান<br>উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | .১৪-১০-২০২১ইং |
| সভার সময় | সকাল ১১-০০ ঘটিকা |
| স্থান | উপ-পরিচালক এর অফিস কক্ষ |
| উপস্থিতি | ... |

নিম্নস্বাক্ষরকারী "শেখ রাসেল দিবস" উদযাপনের নিমিত্তে নগর উন্নয়ন অধিদপ্তরের পরিচালক কর্তৃক গঠিত কমিটির সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভা শুরু করেন। সভাপতি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের গত ১২-১০-২০২১ তারিখের সচিব মহোদয়ের সভাপতিত্বে সভার কাযবিবরনী অনুযাযী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। তিনি বলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের সচিব মহোদয়ের গত ১২-১০-২০২১ তারিখে সভার কাযবিবরনীতে আগামী ১৮ অক্টোবর, ২০২১ তারিখ জাতীয় ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্নবিশ্বাস প্রতিপাদ্যে ১ম বার " শেখ রাসেল দিবস , ২০২১ " উদযাপন করা হবে। " শেখ রাসেল দিবস" উদযাপনের লক্ষ্যে প্রধানমন্ত্রী কাযালয় হতে অনুমোদনকৃত শেখ রাসেল এর ছবি সাইজ (দৈঘ্য ০৪ ফট X প্রস্থ ০৩ ফুট) অনুযাযী তৈরীকৃত প্রতিকৃতিতে আগামী ১৮-১০-২০২১ তারিখে সকাল ৭-০০ ঘটিকায় পুষ্প অর্পণ করতে হবে। শেখ রাসেলের ৫৭তম শুভ জন্মদিন উপলক্ষ্যে একটি কেক কেটে আলোচনা সভার কাযক্রম শুর করতে হবে। ঢাকাস্থ প্রধান কাযালয়ের কর্মকতাগন দুপুর ২-০০ ঘটিকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে সরাসরি উপস্থিত থাকতে হবে এবংআঞ্চলিক অফিস সমুহ ১৮-১০-২০২১ তারিখে সুবিধাজনক সময়ে কর্মসূচী বাস্তবায়ন করবে। শেখ রাসেল দিবসে বিভিন্ন ধরনের ব্যানার, ফেস্টুন এর মাধ্যমে সাজ সজ্জাকরণে উদ্যোগ গ্রহন করতে হবে। শেখ রাসেল জন্ম দিন উপলক্ষ্যে দপ্তর সমূহ নিজস্ব কর্মপরিকল্পনা নিধারণ এবং বাস্তবায়ন করে মন্ত্রনালয়ে প্রেতিবেদন প্রেরন করতে হবে।

সিদ্ধান্ত :

১। শেখ রাসেল এর ছবি সাইজ (দৈঘ্য ০৪ ফট X প্রস্থ ০৩ ফুট) অনুযাযী তৈরীকৃত প্রতিকৃতিতে মন্ত্রনালয়ের নিদেশনা অনুযাযী অনুমোদিত ছবি প্রিন্টসহ ব্যবস্থা নিতে হবে। উক্ত কাজটি প্ল্যানার জনাব মো: সাইফুর রহমান এবং জনাব এস,এম, সাইদুল ইসলাম, নকসাকার মান-২, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ব্যবস্থা গ্রহন করবেন।

২। ব্যানার ২টি ( ১টির সাইজ( ৩.৫ ফুট X৯ ফুট) এবং অন্যটি টপডাউন ) প্রস্তুত করতে হবে, ফুলের তোরা সংগ্রহ করার বিষয়ে পরিকল্পনা সহকারী জনাব মোহাম্মদ বোরহান উদ্দিন দায়িত্ব পালন করবেন। সহযোগীতা থাকবেন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মো: শফিকুল ইসলাম।

৩। শেখ রাসেল জন্মদিন উপলক্ষ্যে দপ্তরে একটি কর্মপরিকল্পনা প্রনয়ন এবং কেক ক্রয়ের ব্যবস্থা গ্রহন করবেন সহকারী প্ল্যানার জনাব ইয়ারুন্নেসা খানম এবং রির্সাচ অফিসার জনাব ইসরাত জাহান।

৪। দোয়া মাহফিলের আয়োজনের নিমিত্তে আপ্যায়নের ব্যবস্থা গ্রহন করবেন হিসাব রক্ষন কর্মকর্তা জনাব খবির উদ্দিন আহমেদ দায়িত্ব পালন করবেনে। সহযোগীতা করবেন জনাব এস,এম, সাইদুল ইসলাম, নকসাকার মান-২ এবং জনাব মো:

শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।



আহমেদ আখতারুজ্জামান
উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.২৩.০০১.১৭.৯০৭

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৮
১৫ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
২) সিনিয়র কর্মকর্তাবৃন্দ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
৩) প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ
৪) সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর



মোক্তার আলম
প্রশাসনিক কর্মকর্তা